



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



নং-৪৯.০২.০০০০.০০৬.০১.০১৮.২৬-১১৯

তারিখ: ১০ মে ২০২৬

**বিষয়: ইপিএস রোস্টার হতে বাদ পড়া কর্মীদের সম্ভাব্য অনাকাঙ্ক্ষিত জমায়েত প্রসঙ্গে সতর্কীকরণ।**

বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম হতে জানা যায় যে, আগামী ১১ মে ২০২৬ তারিখে ইপিএস রোস্টার থেকে ডিলিট হওয়া কিছু কর্মী জনৈক সোহেল খান কাফুরপুরা'র নেতৃত্বে প্রবাসী কল্যাণ ভবনের সামনে আন্দোলন বা বিশৃঙ্খলা সৃষ্টির উদ্দেশ্যে সমবেত হওয়ার পরিকল্পনা করছেন। এ ধরনের উদ্যোগ অত্যন্ত দুঃখজনক, অনভিপ্রেত এবং জাতীয় স্বার্থবিরোধী।

ইতোমধ্যে ইপিএস-এর সকল ভাই-বোনসহ সংশ্লিষ্ট সবাই অবগত হয়েছেন যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মহোদয়ের আন্তরিক প্রচেষ্টায় দক্ষিণ কোরিয়ার এইচআরডি হেডকোয়ার্টার রোস্টার-ডিলিট কর্মীদের দাবির বিষয়টি আনুষ্ঠানিকভাবে বিবেচনা করেছে। এইচ.আর.ডি কোরিয়া ঢাকা সেন্টার হতে এ বিষয়ে প্রাপ্ত সিদ্ধান্তের পত্রটি বোয়েসেল-এর ওয়েবসাইট ও ফেসবুক পেজে হুবহু প্রকাশ করা হয়েছে। এর মাধ্যমে সকল অস্পষ্টতা ইতোমধ্যে দূর হয়েছে।

এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে পুনরায় স্মরণ করিয়ে দেওয়া যাচ্ছে যে—

- অতীতে কিছু সংখ্যক কর্মীর আন্দোলনের কারণে গত দুই বছর ধরে বাংলাদেশের ইপিএস কার্যক্রম বারবার ব্যাহত হয়েছে।
- নতুন করে কোনো আন্দোলন, বিক্ষোভ বা অবস্থান কর্মসূচির সংবাদ এইচআরডি কোরিয়ার নজরে এলে তারা বাংলাদেশ থেকে কর্মী গ্রহণের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে পারে, যা দেশের জন্য মারাত্মক ক্ষতির কারণ হতে পারে।
- বাংলাদেশকে অপর ১৬টি কর্মী-প্রেরণকারী দেশের সঙ্গে প্রতিযোগিতা করে দক্ষিণ কোরিয়ায় কর্মী পাঠাতে হয়; তাই সামান্য ভুল পদক্ষেপও জাতীয় স্বার্থে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

অতএব, কোনো ব্যক্তি বা গোষ্ঠীর প্ররোচনায় বিভ্রান্ত না হয়ে এ ধরনের ক্ষতিকর কর্মকাণ্ড থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে বিনীতভাবে অনুরোধ করা যাচ্ছে। দেশের ভাবমূর্তি, ইপিএস কর্মসূচির ধারাবাহিকতা এবং ভবিষ্যৎ কর্মসংস্থানের স্বার্থে সবাইকে দায়িত্বশীল আচরণ করার আহ্বান জানানো হলো।

প্রচারে— বোয়েসেল কর্তৃপক্ষ



এস. এম. আফি কামাল  
সিএস (উপসচিব)

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)  
৭১-৭২, ইফাটন গার্ডেন  
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)  
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭  
ই-মেইল : info@boesl.gov.bd  
ওয়েব : www.boesl.gov.bd